দৈনিক ... 24 JUL 2008 ...

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্ধেক শিক্ষকই একাডেমিক কর্মকাণ্ডে অনুপস্থিত

॥ সাইদুর রহমান ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছয় শতাধিক শিক্ষক শিক্ষা কার্যক্রমে অনুপস্থিত রয়েছেন। এদের অনেকেই বেসরকারি বিশ্ববিদ্যালয়, এনজিও বিভিন্ন সংস্থার সঙ্গে সম্পৃক্ত এবং অনেকে দেশের বাইরে অবস্থান করছেন। মোট অনুমোদিত ১ হাজার ৫৫০ জন শিক্ষকের প্রায় অর্ধেক শিক্ষক একাডেমিক কর্মকাণ্ড থেকে বিচ্ছিন্ন থাকায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য ২০ জন অধ্যাপক দেশের বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি ও কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করছেন।

- ○ তিন শতাধিক শিক্ষক উচ্চশিক্ষার্থে বিদেশে
- ○ আরো ৩ শতাধিক শিক্ষক এনজিওসহ নানা সংস্থায় সম্পৃক্ত
- ○ এ অবস্থার জন্য বেতন কাঠামোকে দায়ি করেন শিক্ষকরা

বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩-এর অধ্যাদেশে শিক্ষকদের পার্টটাইম জব ও কনসালটেন্সির ব্যাপারে কোন সুনির্দিষ্ট নীতিমালা নেই। এর ফলে শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের বাইরে সীমাহীনভাবে বিভিন্ন কাজে জড়িয়ে পড়ছেন। আর এ কারণে বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার শিক্ষার্থী শিক্ষকদের শিক্ষা ও মূল্যবান সাহচর্য থেকে বঞ্চিত হচ্ছে। শিক্ষকরা বলেছেন, কনসালটেন্সি বা পার্টটাইম জবের প্রয়োজন রয়েছে। এ ক্ষেত্রে কম বেতনের কথাও তারা উল্লেখ করেছেন। ছাত্রছাত্রীরা শিক্ষকদের এই প্রবণতার সমালোচনা করছেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এস এম এ ফায়েজ বলেছেন, একজন শিক্ষককে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। তার মতে, বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব পালনের পাশাপাশি শিক্ষকরা জাতীয় অন্যান্য ক্ষেত্রে অবদান রাখতে পারেন। তবে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম ক্ষতি করে নয়।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সূত্র মতে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের খ্যাতিমান যে সকল শিক্ষক শিক্ষা ছুটি নিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে চাকরি করছেন তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আনোয়ারউল্লাহ চৌধুরী (গ্রীন ইউনিভার্সিটির ভিসি), (৪র্থ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের

(প্রথম পৃঃ পর)

অর্থনীতিবিদ অধ্যাপক আবু আহমেদ (সাউথ-ইস্ট ইউনিভার্সিটির প্রো-ভিসি), গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক কাজী আবদুল মান্নান (স্ট্যামফোর্ড ...র্সিটির সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান) এবং ... বিভাগের অধ্যাপক গোলাম রহমান (পাপুয়া ...নিউ...), ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগের ...ক ড. আবদুল মান্নান চৌধুরী (ওয়ার্ল্ড ইউনিভার্সিটির ...), ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. আবদুর ... (মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি), ...ইং-এর অধ্যাপক এবিএম শহীদুল ইসলাম (লিডিং ...ভার্সিটির ভিসি), একই বিভাগের অধ্যাপক ড. কাজী ...ল আলম (আহসান উল্লাহ ইউনিভার্সিটির ...) এবং প্রভাষকের ১৪টি কুরে নেয়ার কথা থাকলেও অধিকাংশ শিক্ষক তা নেন না।

মডেল হিসেবে উপস্থাপন

সূত্র মতে, দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলো বিভিন্ন সুযোগ-সুবিধার মাধ্যমে সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিজেদের বিশ্ববিদ্যালয়ে টেনে থাকেন। বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নাম ব্যবহার করে তারা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের আকর্ষণ বাড়িয়ে থাকেন। আর এ কারণেই প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পার্ট টাইম জবের প্রবণতাও বেড়েছে। এছাড়া বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব রক্ষার জন্য সংশ্লিষ্টরা ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের খ্যাতিমান শিক্ষকদের টাকার বিনিময়ে এক প্রকার 'কিনে'-এর মডেল হিসেবে উপস্থাপন করছেন।